

"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কারওয়ান বাজার, ঢাকা



স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫২.১৮.০০২.২০-৮৭৫

তারিখ: ৩১/০৩/২০২০ খ্রি:

বিষয়ঃ করোনা ভাইরাস (Covid-19) এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সরকার ঘোষিত ছুটিকালে পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন সেবাকেন্দ্রগুলোতে সেবা কার্যক্রম পরিচালনা।

সূত্রঃ ১। স্মারক নং- পপঅ/প্রশা-১/উপস্থিতি-৪১৯/১৭/৮৬৮/১(১০০০), তারিখঃ ২৫.০৩.২০২০।

২। স্মারক নং- পপঅ/প্রশা-১/উপস্থিতি-৪১৯/১৭/৮৭৩, তারিখঃ ২৫.০৩.২০২০।

সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে বর্তমানে দেশে ছড়িয়ে পড়া করোনা ভাইরাস (Covid-19) এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সরকার ঘোষিত ছুটিকালে করণীয় বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ সময় অত্র অধিদপ্তরধীন সেবাকেন্দ্রগুলোতে সেবা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

১। ঢাকায় অবস্থিত বিশেষায়িত সেবাকেন্দ্রসমূহে এবং জেলা পর্যায়ে অবস্থিত মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহে সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সকাল ৮.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত বহিঃবিভাগ খোলা রাখতে হবে। তবে জরুরী ও স্বাভাবিক প্রসব সেবা কার্যক্রম সার্বক্ষণিক চালু থাকবে।

২। উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে অবস্থিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সকাল ৮.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত বহিঃবিভাগ খোলা রাখতে হবে। তবে স্বাভাবিক প্রসব সেবা কার্যক্রম সার্বক্ষণিক চালু থাকবে।

৩। সেবাকেন্দ্রে আগত ব্যক্তির মধ্যে করোনা ভাইরাসের লক্ষণ পরিলক্ষিত হলে যথাযথ নিজস্ব নিরাপত্তা বজায় রেখে স্থানীয় স্বাস্থ্য বিভাগে রেফার করতে হবে।

৪। জরুরী প্রয়োজনে সদর দপ্তরে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষে যোগাযোগ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পূর্ববর্তী পত্রসমূহের ধারাবাহিকতায় জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



মোঃ হোসেন হোসেন

অতিরিক্ত সচিব

ও

পরিচালক (প্রশাসন)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

১। বিভাগীয় পরিচালক (সকল), পরিবার
পরিকল্পনা.....বিভাগ।

২। উপপরিচালক (সকল), পরিবার পরিকল্পনা,
.....জেলা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। পরিচালক/তত্ত্বাবধায়ক, এমএফএসটিসি/এমসিএইচটিআই, মোহাম্মদপুর/আজিমপুর/লালকুঠি, ঢাকা।

৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি).....উপজেলা.....জেলা।

৭। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র,.....

৮। মিসেস বৈশাখী চৌধুরী, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, এমআইএস ইউনিট, অত্র অধিদপ্তর, ঢাকা। (ডিজিএফপি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

“ছেলে হোক মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়



স্মারক নম্বর: ৫৯.১১.৯৩৬৬.০০০.৩২.০০২.২০.২৭

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২-৪-২০ ২০

মোঃ শহীদুল ইসলাম

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মির্জাপুর পরিবার পরিকল্পনা স্টাফ(সকল)

স্মারক নম্বর: ৫৯.১১.৯৩৬৬.০০০.৩২.০০২.২০.২৭/১

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাংগাইল।

২-৪-২০ ২০

মোঃ শহীদুল ইসলাম

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা